

**B.A. 5th Semester (General) Examination, 2019 (CBCS)**

**Subject : Bengali**

**Paper : SEC-3**

(প্রবন্ধ ও প্রতিবেদন রচনা)

**Time: 2 Hours**

**Full Marks: 40**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও :

২×৫=১০

- (ক) প্রতিবেদনের ভাষা কেমন হওয়া উচিত?
- (খ) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝায়?
- (গ) 'হলুদ সাংবাদিকতা' (Yellow Journalism) কাকে বলে?
- (ঘ) প্রতিবেদন-এর আভিধানিক অর্থ কী?
- (ঙ) প্রতিবেদন ও সংবাদের মধ্যে পার্থক্য কোথায়?
- (চ) ব্যক্তিগত প্রবন্ধের সংজ্ঞা দাও।
- (ছ) রবীন্দ্রনাথের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (জ) বিষয়নিষ্ঠ প্রবন্ধ বলতে কী বোঝায়?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) এলাকায় রক্তদান শিবির উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। এর একটি উপযুক্ত শিরোনাম দাও।  
৪+১=৫
- (খ) মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। এর একটি উপযুক্ত শিরোনাম দাও।  
৪+১=৫
- (গ) 'দৈনন্দিন জীবনে বিজ্ঞান' বিষয়ক প্রবন্ধ রচনার সংকেত-সূত্র লেখো। প্রবন্ধ রচনায় সংকেত সূত্রের প্রয়োজনীয়তা কী?  
৪+১=৫
- (ঘ) ব্যক্তিগত প্রবন্ধ রচনা করতে হলে একজন প্রাবন্ধিককে কোন কোন বিষয়ের উপর লক্ষ রাখতে হবে? বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।  
৪+১=৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) গ্রামীণ মেলা নিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করে তার উপযুক্ত শিরোনাম দাও।
- (খ) ‘মানুষের অসচেতনতার জন্যই পথ-দুর্ঘটনা বাড়ছে।’—এ বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) প্রবন্ধ লেখো : শীতের সকাল।
- (ঘ) ‘দূরদর্শন’—বিষয়ে একটি নিবন্ধ রচনা করো।
-